## ? ক্ষমতাবান ব্যক্তি যারা অবৈধভাবে কাঠ কাটে এবং বনভূমি দখল করে তাদের নিয়ন্ত্রণ করা অসম্ভব।

অবৈধ বৃক্ষনিধন এবং ভূমি দখলের সাথে ক্ষমতাবান ব্যক্তিরা সম্পৃক্ত এবং তারা এখাত হতে প্রচুর পরিমাণ অর্থ উপার্জন করে তাই এগুলো রোধ করা কঠিন। তবে, অন্যান্য দেশে দেখা গেছে যে REDD+ বাস্তবায়নের মাধ্যমে এগুলো কমিয়ে আনা সম্ভব। এই কাজে সমাধানের একটি অংশ হতে পারে আইন প্রয়োগকে শক্তিশালী করা, যার মধ্যে আছে বন আইন ও সংরক্ষিত এলাকা আইন। অপরাধের প্রতিবেদন এবং বিচারের জন্য একটি উন্মুক্ত, স্বচ্ছ প্রক্রিয়া প্রতিষ্ঠা করাও এর অংশ।

## ? স্থানীয় অধিবাসীদের সম্পৃক্ত না করেই REDD+ বাস্তবায়ন সম্ভব।

প্রকৃতপক্ষে স্থানীয় অধিবাসীদের সম্পৃক্ত না করে REDD+ বাস্তবায়ন সম্ভব নয়। কেননা REDD+ এর সাতটি সুরক্ষা নীতি রয়েছে। এদের মধ্যে একটি হচ্ছে সংশ্লিষ্ট অংশীদারদের, বিশেষত নৃতাত্ত্বিক এবং স্থানীয় জনগোষ্ঠীগুলোর পূর্ণ এবং কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করা। এ বিষয়টি সহ অন্যান্য বিষয়ের উপর গৃহীত ব্যবস্থা ও মেনে চলার উপর দেশগুলোকে প্রতিবেদন প্রদান করতে হবে। এছাড়াও অংশীদারদের পূর্ণ এবং যথাযথ অংশগ্রহণে সহায়তা করার জন্য একটি জাতীয় অভিযোগ পদ্ধতি প্রতিষ্ঠা করতে হবে যাতে তারা যেসব ক্ষেত্রে তাদের অধিকার রক্ষা হবেনা সে ক্ষেত্রগুলোকে সবার দৃষ্টিগোচর করাতে পারে।

## ? REDD+ এর বাস্তবায়ন জীববৈচিত্র্যের উপর নেতিবাচক প্রভাব ফেলবে।

REDD+ এর বাস্তবায়ন জীববৈচিত্র্যের উপর নেতিবাচক প্রভাব ফেলবে না, যদি REDD+ এর বাস্তবায়নের মাধ্যমে বনকে টেকসইভাবে পরিচালনা করা যায় তাহলে বনের গুনগত মান বৃদ্ধি পাবে যা জীববৈচিত্র্যের সমৃদ্ধি নিশ্চিত করবে। শুধু তাই না, বন ও এর জীববৈচিত্র্যের এর উপর নির্ভরশীল জনগোষ্ঠীর জন্য আরো অনেক সুফল বয়ে আনবে।

## ? স্থানীয় জনগোষ্ঠী ভিত্তিক পরিবীক্ষণ পদ্ধতি একটি জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতির অংশ হতে পারেনা।

UNFCCC তার সদস্য দেশগুলোকে একটি জাতীয় বন পরিবীক্ষণ পদ্ধতি গ্রহণের অনুরোধ জানায় যা বনের এলাকা এবং বনের কার্বন মজুদের উপর সঠিক এবং স্বচ্ছ তথ্য প্রদানে সক্ষম। এ পদ্ধতি দেশগুলোকে তাদের কার্বন নিঃসরণ এবং কার্বন ডাই অক্সাইড অপসারণের আনুমানিক হিসেব দেয়। দেশগুলোর এই পদক্ষেপ সমূহ বর্তমানে প্রচলিত ব্যবস্থার উপর ভিত্তি করে তৈরী করা হয়। UNFCCC-এর পরিবীক্ষণ ও প্রতিবেদন তৈরীতে নৃতাত্ত্বিক এবং স্থানীয় জনগোষ্ঠীর কার্যকর অংশগ্রহণের জন্য দিক নির্দেশনা প্রণয়নে উৎসাহিত করা হয়।

**মতামত ও পরামর্শের জন্য যোগাযোগের ঠিকানা**

UN-REDD বাংলাদেশ জাতীয় কর্মসূচি
রুম: ৫১৯, চতুর্থতলা, বন ভবন, প্লট: ই-৮, বি-২
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা, বাংলাদেশ
ইমেইল: pd-unredd@bforest.gov.bd
www.bforest.gov.bd

UN-REDD PROGRAMME
Food and Agriculture Organization of the United Nations · UNDP · UNEP
বন অধিদপ্তর পরিবেশ ও বন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# REDD+ সম্পর্কে প্রচলিত ভ্রান্তধারণা সমূহ

## Misconceptions about REDD+



UN-REDD PROGRAMME
Food and Agriculture Organization of the United Nations · UNDP · UNEP
বন অধিদপ্তর পরিবেশ ও বন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## জলবায়ু পরিবর্তনের উপর আমাদের বন ব্যবস্থাপনার কোন প্রভাব নেই, আমাদের বরং জীবাশ্ম জ্বালানীর ব্যবহার হতে নিঃসরণ কমানোর কথা চিন্তা করতে হবে।

জীবাশ্ম জ্বালানীর ব্যবহার থেকে কার্বন নিঃসরণ কমানো খুবই গুরুত্বপূর্ণ কিন্তু বৈশ্বিক গ্রীনহাউজ গ্যাস নিঃসরণে বন উজাড় এবং বনের অবক্ষয় তাৎপর্যপূর্ণভাবে ভূমিকা রাখে যা জলবায়ুর পরিবর্তন ঘটায়। জলবায়ু পরিবর্তনের উপর আমাদের বন ব্যবস্থাপনার অনেক প্রভাব আছে। গাছের বৃদ্ধির সাথে সাথে বন বায়ুমন্ডল থেকে গ্রীনহাউজ গ্যাস দূর করতে পারে এবং বায়ুমন্ডলে গ্রীনহাউজ গ্যাসের মাত্রা কমাতে সাহায্য করে। এই কারণে নতুন বনায়ন জলবায়ু পরিবর্তন প্রশমনে যথেষ্ট কার্যকরী। যদিও ঝড় এবং প্রাকৃতিক অগ্নিকান্ডের ফলে বনের ধ্বংস হয়ে থাকে তবুও মানুষের কর্মকান্ডই বন উজাড় এবং বন অবক্ষয়ের প্রধান কারণ।

## যদি REDD+ বাস্তবায়ন করা হয়, তাহলে বনে বা তার পার্শ্ববর্তী এলাকায় বসবাসকারী লোকজন বন হতে অকাষ্ঠল দ্রব্য সংগ্রহ করতে পারবে না।

যদি REDD+ বাস্তবায়ন করা হয়, তাহলে বনে বা তার পার্শ্ববর্তী এলাকায় বসবাসকারী লোকজন বা অন্যান্যরা বন হতে অকাষ্ঠল দ্রব্য সংগ্রহ করতে পারবে না প্রকৃত পক্ষে বিষয়টি এমন নয়। বরং REDD+ কর্মসূচি বনের টেকসই উন্নয়নকে উৎসাহিত করে এবং বন নির্ভর জনগোষ্ঠীর জীবিকার উন্নয়নে কাজ করে। জীবিকার জন্য অথবা স্থানীয়ভাবে ব্যবহারের জন্য অকাষ্ঠল দ্রব্য যেমন শাকসবজী, ফল, কাঠ, মধু, রজন ইত্যাদির সংগ্রহ টেকসই ব্যবস্থাপনা ও আহরণের সাথে সঙ্গতিপূর্ণ। টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে কাঠ ব্যতীত অন্যান্য বনজ দ্রব্যের ফলন বৃদ্ধি ও পুনঃপুন উৎপাদন নিশ্চিত করা হয় যা জীবিকার উন্নয়ন সুনিশ্চিত করে। এ কারণে এসব বিষয়গুলো নিশ্চিতভাবেই REDD+ কর্মসূচিতে অন্তর্ভুক্ত থাকবে।



## REDD+ কর্মসূচিতে কোন গাছ কাটা যাবেনা।

REDD+ কর্মসূচিতে কোন গাছ কাটা যাবেনা এমন কোন নিয়ম নেই, REDD+ এর উদ্দেশ্য বনের টেকসই ব্যবস্থাপনাকে ত্বরান্বিত করা। এর মানে এই নয় যে, দেশগুলো বন থেকে কোন গাছ বা অন্য কোন বনজ দ্রব্য সংগ্রহ করতে পারবে না। দেশের অকাঠামো উন্নয়নের বা চাহিদা পূরণের জন্য বনের গাছ কাটার অনুমতি পাওয়ার সুযোগ রয়েছে কিন্তু তা হবে উন্নত পরিকল্পনা এবং টেকসই ব্যবস্থাপনায় সম্পৃক্ত অংশীদারদের অংশগ্রহণের মাধ্যমে। যদি সচেতনতার সাথে এমন হারে গাছ কাটা হয়, যা বনের বৃদ্ধির হারকে অতিক্রম না করে তাহলে এটি টেকসই হতে পারে। কারণ নতুন গাছগুলো বড় হয়ে কাটা গাছগুলোর স্থান পূরণ করবে। সুতরাং, REDD+ কর্মসূচির তত্ত্বাবধানে যথাযথ নিয়ম এবং কার্যপ্রণালী অনুসরণ করে গাছ কাটা সম্ভব। এভাবে বনের ক্ষতি কমানো যেতে পারে এবং দেশগুলো REDD+ এর ইতিবাচক ফলাফল পেতে পারে।

## REDD+ কর্মসূচিতে স্থানীয় জনগোষ্ঠীর কোন ভূমিকা নেই।

বন নির্ভর জনগোষ্ঠী যথাযথভাবে তাদের বনের টেকসই ব্যবস্থাপনায় সক্ষম। বনের স্বচ্ছ ব্যবস্থাপনা এবং ব্যবহারের ক্ষেত্রে স্থানীয় জনগোষ্ঠীর যথেষ্ট ভূমিকা, দায়িত্ব এবং অধিকার রয়েছে। REDD+ এর কর্মসূচিতে একটি দেশের সব ধরনের বনকেই অন্তর্ভুক্ত করার সুযোগ রয়েছে যার মধ্যে স্থানীয় জনগোষ্ঠী পরিচালিত বনও উল্লেখযোগ্য যেখানে REDD+ বাস্তবায়নে তাদের সক্রিয় ও গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।





## REDD+ এর সব সুফল শুধু সরকারের কাছে যাবে।

REDD+ সুফল শুধু সরকারের কাছে যাবে তা নয় বরং বনের টেকসই সংরক্ষণ এবং ব্যবস্থাপনার মাধ্যমে গ্রামীণ ও বন নির্ভর জনগোষ্ঠীও এর সুবিধা পাবে। স্থানীয় জনগোষ্ঠীগুলো REDD+ পরিকল্পনা এবং বাস্তবায়নের জন্য গুরুত্বপূর্ণ অংশীদার। বনের টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে বন নির্ভর জনগোষ্ঠী তাদের জীবিকায়নের সুযোগ পেয়ে থাকে। REDD+ কর্মসূচির সুফল প্রদানের রুপরেখা প্রণয়নে স্থানীয় জনগোষ্ঠীকে REDD+ এর পরিকল্পনা এবং বাস্তবায়নের সাথে সম্পৃক্ত করা অত্যান্ত গুরুত্বপূর্ণ। যখন একটি দেশ গ্রীনহাউজ গ্যাসের পরিমাপকৃত এবং প্রতিপাদিত নিঃসরণ কমানোর ক্ষেত্রে REDD+ এর ইতিবাচক ফলাফলের প্রতিবেদন দেয় তখন এটি ফলাফল নির্ভর আর্থিক সুবিধা গ্রহণের জন্য মনোনীত হয়। যে সমস্ত অংশীজনের কারণে বন উজাড় বা অবক্ষয় হয় তাদের সঠিক প্রণোদনা দেবার মাধ্যমে আচরণগত পরিবর্তন আনা REDD+ কর্মসূচির অন্যতম উদ্দেশ্য।